কবিতা কবিতা
কবিতা কবিতা
কবিতা কবিতা

চিত্রার্পিত প্রতিজ্ঞা

(কোন এক দেশপ্রেমিকের উদ্দেশে ঃ ভাসানী , মুজিব কিংবা জিয়া যার নাম)

শাহ্‌জাহান চঞ্চল

জনতার ভিড়ে গর্জে ওঠা এক বিকেলে
প্রতিজ্ঞার ইস্পাত শব্দ তুমি ভাসালে আকাশে
একখন্ড আলো দেবে;
যে আলোতে চেনা যাবে দেশ,যাপন বেশ
ধানের ডগায় শিশিরের রেশ ,বিমুগ্ধ চিত্তে ।

তুমি ফসলের হাসি গামছায় বেঁধে
ওড়াবে আকাশে ;
নবান্নের উৎসব নূপুর পায়ে নামবে
গাঁয়ের বধূর আঁচলের আল বেয়ে ।

মজুরের হাতুড়ি হবে ত্রিপুরান্তক
কৃষকের কাঁস্তে সরু চাঁদ;
লাঙ্গলের ফলা তুলে নিবে স্বপ্ন
চিমনির ধোঁয়ায় বাজবে মিহি শাঁখ ।

ইলিশ ভালবাসায় নদী ও নারী সমর্পিত হবে
সুন্দরের বিবসায় ;
দোয়েল খাবে দোল সজনের ডালে
গায়েনের দোতরা বাজবে বিশ্বাসী মেলায় ।

সুখ ঘুমাবে মাটির হাঁড়িতে
সাতরঙ হবে যাপিত জীবন
সবুজ,কপালে দেবে লালের টিপ
ইচেছরা হবে মুক্ত আড়ং ।

কবিতা হবে জীবনের কথা
রঙতুলি আঁকবে স্বপ্নরেখা;
শান্তির পরাগায়নে পুষ্পিত হবে দেশ ।

এখন ----
স্বপ্ন তোমার বিসুভিয়াস
ঝরে পড়ে শিমুল পলাশ;
চিত্র স্বপ্ন দৌড়ে পালায়
প্রিয় আড়ং নষ্ট আবাস
তবু-----
জেগে আছে অগণিত চোখ
শান্ত সুন্দর স্বপ্ন মেখে
হিজল তমালের দেশে ;
সবুজের ভালবাসায় হয়তো
জন্মাবে আরেক গাঙচিল
ওড়ে ওড়ে স্বপ্ন বিলাবে
‘জাগো হে বাহে’ প্রতিজ্ঞা অমলিন ।